



সূত্র: ০৩.০৬.১৯৩৩.৩০৮.১৮.৩৪৩.২৬-৫২৬

তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

উদ্ধৃত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

কুমিল্লা ইপিজেডে রক্ষিত বিভিন্ন প্রকার scrap মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নিয়মাবলী প্রতিপালন সাপেক্ষে সীলমোহরকৃত নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে:

দরপত্রের শর্ত ও নিয়মাবলী:

- ০১) যে কোন প্রতিষ্ঠান/ব্যক্তি প্রচলিত বিধি মোতাবেক এ নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন;
- ০২) নিলাম দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন সিভিল ব্যাংক থেকে "বেপজা" এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে;
- ০৩) নিলাম দরপত্র দলিল আগামী ২৫.১০.২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কুমিল্লা ইপিজেডের হিসাব বিভাগ থেকে নগদ ৫০০.০০ (পাঁচশত) টাকা পরিশোধ করে সংগ্রহ করা যাবে;
- ০৪) নিলাম দরপত্র ক্রয়কারীগণ আগামী ১১.১০.২০২৬ তারিখ থেকে ২৫.১০.২০২৬ তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ১০.০০ ঘটিকা থেকে বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত scrap মালামালসমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন;
- ০৫) সর্বোচ্চ নিলাম দাতার দর কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণের পর দরদাতাকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উদ্ধৃত মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর বাবদ অর্থসহ অবশিষ্ট মূল্য পরিশোধ করতে হবে;
- ০৬) নিলামযোগ্য scrap মালামালসমূহ ক্রয়ের ব্যাপারে প্রয়োজনীয় তথ্যাবলী কুমিল্লা ইপিজেডের প্রশাসন বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করে জানা যাবে;
- ০৭) নিলামের সিভিডিলে অন্তর্ভুক্ত মালামাল ছাড়া অন্য কোন মালামাল নেয়া যাবে না। অন্য কোন মালামাল নেয়ার কোন প্রমাণ পাওয়া গেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী জরিমানা আরোপ করা হবে এবং নিলাম আদেশ বাতিল করা হবে;
- ০৮) কর্তৃপক্ষের অনুমোদনের পর লিখিত নোটিশ জারির ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট যাবতীয় টাকা জমাদানপূর্বক বিক্রয়ের জন্য নির্ধারিত scrap মালামালসমূহ অফিস চলাকালীন সময়ের মধ্যে কর্তৃপক্ষের কমিটির তত্ত্বাবধানে সম্পূর্ণ অপসারণ করতে হবে;
- ০৯) আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্যও হবে না। নিলাম দরপত্রের শর্তাবলী নিলাম দরদাতাগণকে যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ১০) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল অথবা উক্ত নিলাম প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। আগ্রহী ক্রেতাগণকে আগামী ২৬.১০.২০২৬ তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিলাম কমিটির আহ্বায়ক ও পরিচালক (হিসাব ও অর্থ) কুমিল্লা ইপিজেড এর দপ্তরে রক্ষিত বাস্তব সীলমোহরকৃত নিলাম দরপত্রসমূহ দাখিল করতে হবে। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ ঐ দিন অর্থাৎ ২৬.১০.২০২৬ তারিখ বেলা ১২.১৫ ঘটিকায় উপস্থিত নিলাম দরপত্র দাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিলাম কমিটির আহ্বায়ক ও পরিচালক (হিসাব ও অর্থ), কুমিল্লা ইপিজেড এর দপ্তরে খোলা হবে।

মোঃ ফরিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)

E-mail: farid0340@yahoo.com

ফোন: ০২৩৩৪৪০৩০০৬

অনুশিপি সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য (স্বার্থভার ক্রয়ানুসারে নয়):

১. অতিরিক্ত নির্বাহী পরিচালক (ক:অ:শি:স:), কুমিল্লা ইপিজেড
২. পরিচালক (হিসাব ও অর্থ), কুমিল্লা ইপিজেড
৩. নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/পুর), কুমিল্লা ইপিজেড
৪. নিরাপত্তা কর্মকর্তা, কুমিল্লা ইপিজেড
৫. সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক (প্রশাসন), বেপজা, ঢাকা। নিলাম বিজ্ঞপ্তিটি বেপজার নোটিশ বোর্ড-এ প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
৬. সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক (এমআইএস), বেপজা, ঢাকা। নিলাম বিজ্ঞপ্তিটি বেপজার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭. সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা। নিলাম বিজ্ঞপ্তিটি কুমিল্লার স্থানীয় দু'টি দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক, কুমিল্লা ইপিজেড
৯. সংশ্লিষ্ট সকল সদস্য, নিলাম কমিটি, কুমিল্লা ইপিজেড
১০. নোটিশ বোর্ড, কুমিল্লা ইপিজেড
১১. নথি/মহানথি।